

**জানুয়ারি-২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত শেরপুর জেলাধীন ঝিনাইগাতী উপজেলা আইসিটি কমিটির মাসিক**

**সভার কার্যবিবরণীঃ**


সভাপতি : মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া, উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।  
সভার তারিখ : ১৮/০১/২০২৪ খ্রিঃ  
সভার সময় : দুপুর ১২.৩০ ঘটিকায়  
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিনাইগাতী, শেরপুর।  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সকল উপজেলা আইসিটি সদস্যবৃন্দকে দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	<b>ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্তঃ</b> এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ঝিনাইগাতী উপজেলার বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রয়েছে। যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নাই উক্ত দপ্তর প্রধানগণকে হালনাগাদ করার জন্য বলা হয়।	ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো অন্তরিক হওয়ার জন্য অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।	১। দপ্তর প্রধান (সকল), ঝিনাইগাতী। ২। সহকারী প্রোগ্রামার, ঝিনাইগাতী।
২.০	<b>ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সংক্রান্তঃ</b> এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ঝিনাইগাতী উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথভাবে চলছে এবং জন্ম-মৃত্যু নিবন্ধন সহ বিভিন্ন সেবা প্রদান করে যাচ্ছে। উদ্যোগ্যগণ একসেবায় সেবাসমূহ ও আয়-ব্যয়ের তথ্য হালনাগাদ করছে।	ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয়-ব্যয় এবং জন্ম-মৃত্যুর প্রতিবেদন প্রতিমাসে একসেবায় নিয়মিত হালনাগাদ করা এবং উপজেলা নির্বাহী অফিসে তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।	১। চেয়ারম্যান(সকল) ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী। ১। উদ্যোগ্য (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী।
৩.০	<b>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ</b> এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ঝিনাইগাতী উপজেলায় ১১ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে এর মধ্যে পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠান ব্যবহার সন্তোষজনক। সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ল্যাবের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।	ল্যাবের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সহকারী প্রোগ্রামার কে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।	১। সহকারী প্রোগ্রামার, ঝিনাইগাতী। ২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), ঝিনাইগাতী।
৪.০	<b>ডিজিটাল নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্তঃ</b> এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৭০ জন শিক্ষককে ডিজিটাল নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং অনলাইন প্ল্যাটফর্ম মুক্তপাঠে নিবন্ধনের মাধ্যমে উক্ত প্রশিক্ষণ সম্পন্ন করে সনদপত্র গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ জানানো হয় এবং তার সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।	১। সহকারী প্রোগ্রামার, ঝিনাইগাতী। ২। একাডেমিক সুপারভাইজার, ঝিনাইগাতী, শেরপুর।

৫.০	ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলা নির্বাহী অফিসসহ ও উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, উপজেলা সমাজসেবা অফিসে ই-নথি কার্যক্রম চলমান রয়েছে।	ই-নথি কার্যক্রম চলমান রাখার জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ জানানো হয় এবং তার সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), ঝিনাইগাতী। ২। সহকারী প্রোগ্রামার, ঝিনাইগাতী।
-----	--	---	--

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
 (মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ও  
 সভাপতি  
 উপজেলা আইসিটি বিষয়ক কমিটি  
 ঝিনাইগাতী, শেরপুর।

স্মারক নং- ৫৬.০৪.৮৯৩৭.০০০.০৬.০০১.১৯-০২/৪০(১)

তারিখঃ ০৪ মাঘ ১৪৩০ বঃ  
১৮ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হল:

০১. মাননীয় সংসদ সদস্য - ১৪৫, শেরপুর-০৩।
০২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, শেরপুর।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।
০৫. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, শেরপুর।
০৬. ....
০৭. অফিস কপি।

  
 (শেখ মোঃ হাবিবুল্লাহ)  
 সহকারী প্রোগ্রামার  
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
 ও  
 সদস্য সচিব  
 উপজেলা আইসিটি বিষয়ক কমিটি  
 ঝিনাইগাতী, শেরপুর।